

## একই তারিখ ও স্মারকে প্রতিষ্ঠাপিত হবে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
সিটি কর্পোরেশন-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

পত্র সংখ্যা: ৪৬.০০.০০০০.০৭১.১৮.০৯৪.২০২০.১৩৫

তারিখ: ১৬ ফাল্গুন ১৪২৭  
১ মার্চ ২০২১

বিষয়: “গাজীপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন জোনের প্রধান সংযোগ রাস্তাগুলি প্রশস্তকরণসহ নর্দমা ও ফুটপাত নির্মাণ” শীর্ষক প্রকল্পের আওতায় ভূমি অধিগ্রহণের প্রস্তাব যাচাই বাছাইপূর্বক মতামত/প্রতিবেদন প্রদান।

সূত্র: (ক) গাজীপুর সিটি কর্পোরেশনের স্মারক নম্বর ৪৬.১৯.০০০০.১৮.০২২.১৯.১৪৭০, তারিখ: ৮/১/২০২১;  
(খ) গাজীপুর সিটি কর্পোরেশনের স্মারক নম্বর ৪৬.১৯.০০০০.১৮.০২২.১৯.১৮৬১, তারিখ: ১৪/২/২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভূমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে সিটি কর্পোরেশনসমূহের বিভিন্ন ভূমি অধিগ্রহণের প্রস্তাব যাচাই-বাছাই করে সুনির্দিষ্ট মতামতসহ প্রতিবেদন প্রস্তুতের নিমিত্ত যুগ্মসচিব (নগর উন্নয়ন-১ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ মহোদয়কে আহবায়ক করে একটি কমিটি রয়েছে (সংযুক্ত)।

১। উক্ত কমিটি কর্তৃক “গাজীপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন জোনের প্রধান সংযোগ রাস্তাগুলি প্রশস্তকরণসহ নর্দমা ও ফুটপাত নির্মাণ” শীর্ষক প্রকল্পের আওতায় গাজীপুর সিটি কর্পোরেশনের অধিক্ষেত্রে ৩টি উপ-প্রকল্পের মাধ্যমে ২টি রাস্তা প্রশস্তকরণের জন্য সর্বমোট ৫২.১৫৩৯ (বায়ান দশমিক এক পাঁচ তিন নয়) একর এবং নতুন ৮টি উপ-প্রকল্পের মাধ্যমে ৫টি রাস্তার কাজ বাস্তবায়নের জন্য সর্বমোট ১২১.৩২৩৫ (একশত একুশ দশমিক তিন দুই তিন পাঁচ) একর (তফসিল, প.প. ৭১-৭২) জমি অধিগ্রহণের প্রস্তাবগুলো যাচাই বাছাই করার জন্য সরেজমিন পরিদর্শন ও সভার তারিখ আগামী ০৬ মার্চ ২০২১ শনিবার সকাল ১০.০০ ঘটিকা ধার্য করা হয়েছে।

২। উক্ত পরিদর্শন/সভায় সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে।

মোহাম্মদ জাহিরুল ইসলাম  
উপসচিব

ফোন: ৯৫৫৪৬৫৮

ই-মেইল: [lgcc2@lgd.gov.bd](mailto:lgcc2@lgd.gov.bd)

বিতরণ - (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- যুগ্মসচিব (নগর উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
- উপসচিব (সিটি কর্পোরেশন-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- তত্ত্বাবধায়ক/নির্বাহী প্রকৌশলী, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
- প্রকল্প পরিচালক, “গাজীপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন জোনের প্রধান সংযোগ রাস্তাগুলি প্রশস্তকরণসহ নর্দমা ও ফুটপাত নির্মাণ” শীর্ষক প্রকল্প, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।

অনুলিপি-সদয় জ্ঞাতার্থে:

- অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।